

সত্যবাদিতা

১. সিদক বা সত্যবাদিতা হচ্ছে যখন আমাদের কথা বাস্তবতার সাথে মিলে যায়। অন্যভাবে বলা যায়, আমাদের অন্তরের অবস্থা ও বাইরের কথা ও কাজ যখন একইরকম হওয়া হচ্ছে সিদক। সিদক তিন ধরণের হতে পারে। কথার সত্যবাদিতা, কাজের সত্যবাদিতা এবং অন্তরের সত্যবাদিতা।

২. সিদক এবং ইখলাসের মাঝে পার্থক্য হচ্ছে সিদক হচ্ছে উৎস এবং ইখলাস হচ্ছে তার একটি ফল। ইখলাস আমাদের কাজের সাথে সম্পর্কিত কিন্তু সত্যবাদিতা আমাদের অন্তরের অবস্থার সাথে সম্পর্কিত যা সবসময় থাকতে পারে।

৩. মানুষ মূলত চারটি বিষয় থেকে সত্য কথা বলার প্রেরণা পেয়ে থাকে। এগুলো হচ্ছে আকল (intellect), শারী'আহ (ইসলামিক বিধান), আল-মুরুআহ (personality) এবং মানুষের প্রশংসা পাওয়ার ইচ্ছা।

৪. সত্যবাদিতার তিনটি স্তর রয়েছে। প্রথমটি হচ্ছে সাদিক—যে সাধারণত সত্য কথা বলে তবে মাঝে মাঝে মিথ্যে বলে, দ্বিতীয় হচ্ছে সাদুক—যে প্রায় সবসময় সত্য কথা বলে তবে কোন কোন দুর্বল মুহূর্তে মিথ্যে বলে ফেলে এবং তৃতীয় সিদ্দিক—যে সবসময় সত্য কথা বলে। সিদ্দিকগণ আল্লাহর অনুগ্রহপ্রাপ্ত বান্দাদের মধ্যে একজন।

৫. কুরআনে ৯২ বার শাব্দিক উল্লেখসহ সিদক বা সত্যবাদিতার কথা এসেছে। কুরআনে সিদক-কে তাকওয়ার সাথে একসাথে উল্লেখ করা হয়েছে এবং নবীদেরকে সত্যবাদী হিসেবে প্রশংসা করা হয়েছে। যারা সত্যবাদিতা অবলম্বন করে তাদেরকে তাদের সত্যবাদিতার জন্যে আল্লাহ তা'আলা কুরআনে জান্নাতের সুসংবাদ দিয়েছেন।

৬. সত্যবাদিতা সৎকর্মশীলতার দিকে নিয়ে যায় এবং সৎকর্মশীলতা জান্নাতের দিকে নিয়ে যায়। অপরদিকে মিথ্যা পাপাচারিতার দিকে নিয়ে যায় এবং পাপাচারিতা জাহান্নামে নিয়ে যায়।

৭. অন্তরের প্রশান্তির জন্যে সত্য কথা বলতে হবে। মিথ্যা অন্তরে সংকীর্ণতা নিয়ে আসে। সত্যবাদিতা জান্নাত লাভের অন্যতম একটি কারণ।

৮. সন্তানদের মাঝে সত্যবাদিতার গুণ তৈরি করার জন্যে বাবা-মাকে নিজেদেরকে অনুকরণীয় দৃষ্টান্ত হিসেবে গড়ে তুলতে হবে। সত্যবাদিতা ও ভাল কাজের জন্যে সন্তানদের উপহার দেয়ার অভ্যাস তৈরি করা যেতে পারে।

৯. রাসূল (সঃ) এর হাদীস অনুযায়ী তিন ক্ষেত্রে মিথ্যা বলার অনুমতি রয়েছে। যুদ্ধাবস্থায়, বিবাদমান দু'পক্ষের মধ্যে মিমাংসার উদ্দেশ্যে এবং স্বামী-স্ত্রীর একে অন্যকে খুশী করার জন্যে। তবে এ অনুমতির যথেচ্ছ অপব্যবহার করা যাবে না।

১০. তাওরীয়াহ হচ্ছে এমনভাবে কথা বলা যেন শ্রোতা বক্তার কথার বাহ্যিক অর্থ মেনে নিয়ে চলে যায় কিন্তু বক্তা তার কথার দ্বারা অন্য কোন লুকানো অর্থ বুঝাতে চায়। এটি সরাসরি মিথ্যা নয় এবং করার বিশেষ ক্ষেত্রে করার অনুমতি আছে। তবে বেশী করা উচিত নয়।

একটি ইবানা মিডিয়া প্রকাশনা